তারিখ 03 MAY 2015
পৃষ্ঠা ১৩ কলাম 2

দৈনিক
জনকণ্ঠ

# যেসব বেসরকারী ভার্সিটি শর্ত পূরণে ব্যর্থ তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা

স্টাফ রিপোর্টার ॥ যেসব বেসরকারী বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়ার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বেসরকারী বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের শর্ত না মেনে যারা শিক্ষার নামে ব্যবসা করছে তাঁদের হুঁশিয়ার করে দিয়ে তিনি বলেছেন, এভাবে তাঁরা আর বেশিদিন চলতে পারবে না। যাঁরা মুনাফার লক্ষ্য নিয়ে চলতে চান, তাঁদের জন্য আমরা সময় বেঁধে দিয়েছি। আইন অনুযায়ী তাঁরা বিশ্ববিদ্যালয় চালাতে না পারলে তাঁদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়া হবে।

শনিবার দেশের অন্যতম বেসরকারী বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ১৮তম সমাবর্তনে চ্যান্সেলর ও রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে দেয়া বক্তব্যে শিক্ষামন্ত্রী সরকারের এ কঠোর অবস্থানের কথা জানান। শিক্ষামন্ত্রী নর্থ সাউথের মানসম্পন্ন শিক্ষাদানে সন্তোষ প্রকাশ করে অন্যান্য বেসরকারী বিশ্ববিদ্যালয়ের পিছিয়ে পড়ার বিষয়টি উদ্বেগের সঙ্গে তুলে ধরেন। বলেন, নর্থ সাউথ প্রতিষ্ঠালগ্ন থেকে আন্তর্জাতিক মানের শিক্ষা প্রসার ও উন্নয়নের মাধ্যমে জ্ঞানভিত্তিক আধুনিক সমাজ, সুশৃঙ্খল মানবসম্পদ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে, যা ইতোমধ্যেই সকল মহলের দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছে। বসুন্ধরার নিজস্ব ক্যাম্পাসে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে সমাবর্তনে নর্থ সাউথের স্নাতক ও স্নাতকোত্তর কোর্সে দুই হাজার ৩৮ জন শিক্ষার্থীকে ডিগ্রী প্রদান করা হয়। এ বছর দশ মেধাবী শিক্ষার্থীকে দেয়া হয় চ্যান্সেলর ও ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক। যেখানে এবার ছাত্রীদের সাফল্য নজর কেড়েছে সকলের। স্বর্ণপদক প্রাপ্ত ১০ মেধাবীর ৯ জনই ছাত্রী হওয়ায় ঘটনাকে দেশের নারী শিক্ষার অগ্রযাত্রার চিত্র হিসেবেও অভিহিত করেন অনুষ্ঠানে আসা শিক্ষামন্ত্রী থেকে শুরু করে দেশী-বিদেশী অতিথিরা।

কৃতী শিক্ষার্থী হিসেবে আচার্যের স্বর্ণপদকপ্রাপ্তদের মধ্যে উপস্থিত ছিলেন স্নাতকে ইশমাম নাওয়ার, আহনাফ আহমেদ ও কারামা কবির মাইশা এবং স্নাতকোত্তর পর্যায়ে প্রিয়াঙ্কা মেহরিন মুসা, তনিমা